
দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 20 NOV 2017 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৬ ...



গতকাল শুরু হয়েছে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা। ছবিটি নীলক্ষেত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের —সামসুল হায়দার বাদশা

# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

গতকাল রবিবার থেকে শুরু হয়েছে প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষা। পরীক্ষার প্রথম দিনেই অনুপস্থিত এক লাখ ৪৫ হাজার ৩৮৩ পরীক্ষার্থী। এরমধ্যে পিইসি পরীক্ষায় অনুপস্থিত ছিল এক লাখ ছয় হাজার ৪৭১ জন এবং ইবতেদায়িতে অনুপস্থিত ছিলো ৩৮ হাজার ৯১২ জন পরীক্ষার্থী। তবে গতকাল অনুষ্ঠিত ইংরেজি পরীক্ষায় কোনো শিক্ষক-শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়নি। আজ উভয়েরই বাংলা বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পিইসি পরীক্ষায় সবচেয়ে বেশি ঢাকা বিভাগে অনুপস্থিত ছিলো ৪০ হাজার ৪৪৬ জন। এরপর চট্টগ্রাম বোর্ডে অনুপস্থিত ছিলো ২০ হাজার ৬৫৫ জন পরীক্ষার্থী। ইবতেদায়িতেও সবচেয়ে বেশি ঢাকা বোর্ডে ৯৮৮২ জন এবং চট্টগ্রাম বোর্ডে ৯৩৫৬ জন অনুপস্থিত ছিল। উভয় পরীক্ষায়ই গতকাল ৩০ লাখ ৯৬ হাজার ৭৫ জন খুদে পরীক্ষার্থীর অংশ নেওয়ার কথা ছিল।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান গতকাল রাজধানীর আইডিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়, পৃষ্ঠা ২ কলাম ২

## প্রাথমিক শিক্ষা

২০ পৃষ্ঠার পর

মতিঝিল সরকারি প্রাথমিক বিদ্যালয়, শান্তিনগর কো-অপারেটিভ সরকারি প্রাথমিক বিদ্যালয় ও রাজারবাগ পুলিশ লাইনস সরকারি প্রাথমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় তিনি বলেন, কেউ কেউ গুজব ছড়াতে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তুলছেন। প্রশ্ন ফাঁসের কোনো সুযোগ নেই।

মন্ত্রী বলেন, সাধারণত গণিত ও ইংরেজি পরীক্ষা নিয়ে অভিভাবক-পরীক্ষার্থীদের বাড়তি চিন্তা তৈরি হয়। এ কারণে রুটিনের প্রথমদিকে এ দুইটি পরীক্ষা দেওয়া হয়েছে। এ পরীক্ষায় কেউ একটু কম নম্বর পেলে তার জীবন নষ্ট হয়ে যাবে না।